

## সরকারের প্রতি বাশিস একতরফা নির্বাচনে টাকা খরচ না করে শিক্ষায় খরচ করুন

### ■ সমকাল প্রতিবেদক

একতরফা জাতীয় নির্বাচনের মাধ্যমে অথবা টাকা খরচ না করে শিক্ষার মানোন্নয়নে সেই টাকা খরচ করার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছে 'বাংলাদেশ শিক্ষক সমিতি' (বাশিস)। গতকাল মঙ্গলবার বিশ্ব মানবাধিকার দিবস উপলক্ষে মিরপুর আলহাজ্ব মধু বেপারী হাইস্কুলে আয়োজিত আলোচনা সভা থেকে এ আহ্বান জানানো হয়। সমিতির সভাপতি মো. নজরুল ইসলাম রনি এতে সভাপতিত্ব করেন।

সভায় শিক্ষক নেতারা বলেন, শিক্ষকেরা যথাযথ বেতন-ভাতা ও মর্যাদা পান না। আর সরকার একদলীয় নির্বাচনের মাধ্যমে কোটি কোটি টাকা খরচ করতে যাচ্ছে। শিশু, আবালা ও বৃদ্ধ কারোই এ সময়ে জীবনের নিরাপত্তা নেই। হরতাল-অবরোধের কারণে শিক্ষা ব্যবস্থা ও অর্থনীতি ধ্বংসের মুখে।

সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বাশিসের ভারপ্রাপ্ত মহাসচিব মো. রিয়াজ উদ্দিন, মীর আবদুল মালেক, রফিকুল ইসলাম, তৌফিকুল ইসলাম তালুকদার, আবুল বাশার বাদশা, তাহমিনা সুলতানা স্বামী, কলেজ শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মঞ্জুরুল আমিন শেখর, মহাসচিব বদরুজ্জামান বাদল, গাজী আজমল হায়দর মামুন প্রমুখ।